বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

উন্নত পল্লী উন্নত দেশ
বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ

# অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আঃ গাফ্‌ফার খান<br>মহাপরিচালক (গ্রেড-১) |
| তারিখ | : | ৩১/০৫/২০২৩ খ্রি.। |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | বিআরডিবি'র সম্মেলন কক্ষ। |

সভায় উপস্থিতি পরিশিষ্ট "ক" সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সরকারি কাজে স্বচ্ছতা আনয়নের বিষয়ে গুরুত্বারোপ করেন । তিনি বলেন সরকারি কাজে প্রজাতন্ত্রের কর্মচারীদের প্রচলিত ধ্যান-ধারনা পরিবর্তন করে জনসেবামুখী করার জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়েছে। সুশাসন প্রতিষ্ঠা, জনগণের সেবা সহজীকরণ ও প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা ও জবাবহিদিতা নিশ্চিত করাই জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করার মূল লক্ষ্য। অতপর সভাপতি বিআরডিবি'র শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কাঠামোর ফোকাল পয়েন্ট ও উপপরিচালক, (জনসংযোগ ও সমন্বয়) কে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার অনুরোধ করেন। উপপরিচালক, (জনসংযোগ ও সমন্বয়) গৃহিত কর্মপরিকল্পনা ও ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন পাওয়ার পয়েন্টের মাধ্যমে সভায় উপস্থাপন করেন।

উপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার কর্মপরিকল্পনায় বিভিন্ন কার্য সম্পাদনের সময়-সীমা নির্ধারিত এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়িত্ব বণ্টনের বিষয়টিও সেখানে উল্লেখ রয়েছে বিধায় নির্ধারিত সময়সীমার মধ্যে সকলকে তার নিজ নিজ দায়িত্ব পালন করা আবশ্যক। অন্যথায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাহত হবে এবং বিআরডিবি'র সামগ্রিক কর্ম মূল্যায়ন ব্যাহত হবে। এজন্য সংশ্লিষ্ট সকলকে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় উল্লিখিত সময়সীমার মধ্যে তার কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ করেন। তিনি কর্ম পরিকল্পনা অনুযায়ী সভায় উপস্থিত সকলকে ও ভার্চুয়ালি সংযুক্ত মাঠ পর্যায়ের উপরিচালক, সুশীল সমাজের প্রতিনিধি, সাংবাদিক ও সুফলভোগী সদস্যদের আলোচনায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করেন। সভায় বিআরডিবি'র পরিচালকগণ, উপরিচালকগণ, সুশীল সমাজের প্রতিনিধি, সাংবাদিকসহ অংশীজনরা মতামত প্রদান করেন।

সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় :

১) উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) সভায় জানান যে, শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য বিআরডিবি নৈতিকতা কমিটির সভা নিয়মিত আয়োজন করা হয়। সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। মহাপরিচালক বলেন নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন করতে হবে। সমৃদ্ধশালী সোনার বাংলাদেশ গড়ার জন্য জাতীয় জীবনের সকল ক্ষেত্রে শুদ্ধাচার প্রয়োজন। দেশীয় ও আন্তর্জাতিক উত্তম চর্চার অনুসরণ করা দরকার ।

২) সভায় জানান হয় কর্মপরিকল্পনার ১.৫ অনুচ্ছেদে কর্ম পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত) অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াস রুমের ব্যবস্থা করা সূচক মতে বিআরডিবি'র সাধারণ পরিচর্যা শাখা পিপিআর অনুসরণে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবে।

২) আলোচনায় কর্মপরিকল্পনা ২.১ হতে ২.৫ অনুযায়ী সভায় জানান হয় যে, ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব বাজেট ব্যয় ও উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সভাপতি বলেন রাজস্ব বাজেট ব্যয় ও

উন্নয়ন প্রকল্পের ব্যয়ের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে এবং আগামী ৩০ জুনের মধ্যে যথাযথভাবে অগ্রগতি নিশ্চিত করতে এখন থেকেই প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

৩) কর্মপরিকল্পনার ৩.১ অনুসারে সভায় মহাপরিচালক বলেন সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য সকলকে সচেষ্ট থাকতে হবে। যানবাহন ব্যবহারের ক্ষেত্রে সাশ্রয়ী হতে হবে। সভাপতি বলেন বিআরডিবি'র আওতাভুক্ত সকল দপ্তরে জ্বালানী ও বিদ্যুৎ ব্যবহারে কৃচ্ছ্রতা অবলম্বন করতে হবে।

৪) দুর্নীতি প্রতিরোধকল্পে ঋণ কার্যক্রমের অনলাইন রির্পোটিং বিষয়ে সভায় জানান হয় বিআরডিবি যশোর জেলার ইরেসপোভুক্ত উপজেলা ও এসএমই ঋণ কার্যক্রমে অনলাইন রির্পোটিং সিস্টেম চলমান রয়েছে। এ বিষয়ে উপপরিচালক যশোর সভায় জানান যে, ইরেসপোভুক্ত উপজেলা ও এসএমই ঋণ কার্যক্রমে অনলাইন রির্পোটিং হালনাগাদ আছে। সভায় মহাপরিচালক জানান অনলাইন রির্পোটিং কার্যক্রম আরও গতিশীল হবে।

৫) ডিজিটাল হাজিরা মনিটরিং এর মাধ্যমে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণ : মহাপরিচালক বলেন সময়মত অফিসে আগমন করতে হবে। উপপরিচালক (প্রশাসন-২) কে আগামী ১০ দিনের মধ্যে বিআরডিবি সদর কার্যালয়ে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপনের জন্য নির্দেশনা দেন। কর্মকর্তা-কর্মচারীদের ছুটিতে যাবার কারণ ও তথ্য যথাযথভাবে অবহিত করতে হবে। জেলা পর্যায়ের কর্মকর্তাগণের ছুটি মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে গ্রহণ করতে হবে।

এছাড়া সভায় সুশীল সমাজের প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে জানান শুদ্ধাচার কৌশল সরকারের সকল দপ্তরে বাস্তবায়নের ফলে সরকারি সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছানোর ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হচ্ছে। ফলে সরকারী সেবা প্রাপ্তি নিয়ে জনগণের প্রত্যাশা পূরণ হচ্ছে বলে তাঁরা মনে করেন। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভব হলে সরকারি সেবা প্রদান আরও বেগবান হবে বলে তাঁরা প্রত্যাশা করেন।

সিদ্ধান্ত:

১) নৈতিকতা কমিটি সভা ও সভায় গৃহীত সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নের ব্যবস্থা করতে হবে।

২) বিআরডিবি'র সাধারণ পরিচর্যা শাখা পিপিআর অনুসরণে টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবে।

৩) রাজস্ব বাজেট ব্যয় ও উন্নয়ন প্রকল্পের ব্যয়ের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে এবং আগামী ৩০ জুনের মধ্যে যথাযথভাবে অগ্রগতি নিশ্চিত করতে এখন থেকেই প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

৪) সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য সকলকে সচেষ্ট থাকতে হবে । যানবাহন ব্যবহারের ক্ষেত্রে সাশ্রয়ী হতে হবে।

৫) ঋণ কার্যক্রমে অনলাইন রির্পোটিং সিস্টেম চলমান রাখতে হবে।

৬) উপপরিচালক (প্রশাসন-২) আগামী ১০ দিনের মধ্যে বিআরডিবি সদর কার্যালয়ে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৭) সময়মত অফিসে আগমন নিশ্চিত করতে হবে। জেলা পর্যায়ের কর্মকর্তাগণের ছুটি মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে গ্রহণ করতে হবে।

৮) ৩০ জুনের মধ্যে নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

আঃ গাফ্ফার খান
মহাপরিচালক (গ্রেড-১)
বিআরডিবি, ঢাকা

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.০৬.০০৩.২২. ৬৮৫০ তারিখ : ১৯/০৬/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। উপপরিচালক, (সকল জেলা)..................................জেলা, বিআরডিবি।
২। উপপরিচালক,....................................................বিআরডিবি, ঢাকা।
৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪। জনাব/বেগম................................................
৫। সংশ্লিষ্ট নথি।

মোঃ নুরুজ্জামান
উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)
ফোন : ৫৫০১১৭৩৪